ভোরের কাগজ

JUL 24 2002

# আজ শা.বি খোলার দিন থেকেই শিক্ষকদের ধর্মঘটের ঘোষণা

**শা.বি প্রতিনিধি :** পূর্বের ঘটনার জের ধরে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আজ থেকে অনির্দিষ্টকালের জন্য পূর্ণদিবস কর্মবিরতি পালনের ঘোষণা দিয়েছেন। এদিকে গ্রীষ্মের ছুটির পর আজই বিশ্ববিদ্যালয় খোলার কথা। গত ১৭ মে সংঘটিত ঘটনার সময় শিক্ষকদের সঙ্গে কতিপয় ছাত্রের ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

## আজ শা.বি খোলার

● প্রথম পাতার পর

অসৌজন্যমূলক আচরণের অভিযোগের প্রেক্ষিতে তাদের বহিষ্কারের দাবিতে শিক্ষকরা এ কর্মসূচি ঘোষণা করেন।

গত ১৭ মে মদিনা মার্কেট এলাকায় ও পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের প্রধান ফটকে ছাত্র-পুলিশ-জনতা-সংঘর্ষের সময় কতিপয় ছাত্রের প্রক্টর ও শিক্ষকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের অভিযোগে ঐ ছাত্রদের বহিষ্কারের দাবিতে শিক্ষক সমিতি গত ২৮ মে থেকে অর্ধদিবস কর্মবিরতি পালন শুরু করে। কোনো ছাত্রকে 'বিনা দোষে' বহিষ্কার করলে শা.বি ছাত্রদলও পাল্টা কর্মসূচির হুমকি দেয়। এ অবস্থায় কর্তৃপক্ষ গ্রীষ্মকালীন ছুটি এগিয়ে এনে বিশ্ববিদ্যালয় ২ জুন থেকে ২৩ জুন বন্ধ ঘোষণা করে।

শিক্ষক সমিতির পূর্ব ঘোষণা অনুযায়ী দোষী ছাত্রদের বহিষ্কার না করায় আজ থেকে অনির্দিষ্টকালের জন্য পূর্ণদিবস কর্মবিরতি পালন করবেন। এ অবস্থায় পূর্বনির্ধারিত টার্মটেস্ট পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে।

এদিকে উক্ত ঘটনার সঙ্গে জড়িত ছাত্রদের চিহ্নিত করতে তদন্ত কমিটি গ্রীষ্মের বন্ধেও তদন্তের কাজ চালিয়ে গেছেন। তদন্ত কমিটির সূত্রে জানা যায়, তদন্ত কমিটি খুব শিগগিরই ভিসি বরাবরে তাদের রিপোর্ট দাখিল করবেন।